		<p>করিনি বা মিথ্যা চার্জসীট দাখিল করেছি।</p> <p>ইহা ক্রিমিনালস রুলস এন্ড অর্ডারস এর ১৩১ বিধি অনুযায়ী কম্পিউটার টাইপকৃত।</p> <p style="text-align: right;">পি, ডব্লিউ-৪</p> <p style="text-align: center;">সজিব</p> <p>ঘটনার বিগত ২৬.০৮.২০১৫ ইং তারিখে আমি নায়েক পদে মাদারীপুর জেলা গোয়েন্দা শাখায় কর্মরত ছিলাম। মাদারীপুর জেলার গোয়েন্দা শাখার জিডি নং ১৬১ মূলে সংগীয় অফিসার এ,এস,আই গোবিন্দ এবং এস,এস আই মোঃ এনামুল হক মন্ডল, কনষ্টেবল মোঃ নজরুল ইসলাম, হরিদাস, আহসান হাবীব, আল মামুন, মোঃ হারুন অর রশিদ, মোঃ জাফর ও শরীফুলসহ আমি রাজের থানার এলাকায় মাদকদ্রব্য উদ্ধার অভিযান পরিচালনাকালে টেকেরহাট পুলিশ বুথে অবস্থান করছিলাম। অনুমান ১৭ঃ৪৫ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে জানিতে পারি যে, রাজের থানাধীন টেকেরহাট ব্রীজের উত্তর পাশের গোড়ায় একজন লোক ইয়াবা ট্যাবলেট বিক্রয়ের জন্য নিজ দখলে রাখিয়া অবস্থান করিতেছে। উক্ত সংবাদটি উদ্ধৃতন কতৃপক্ষের অবহিত করিয়া সংবাদের সত্যতা যাচাই ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঘটনাস্থলের আশেপাশে কৌশলে অবস্থান নিলে আসামী আমাদের উপস্থিতি টের পাইয়া পালাইয়া যাওয়ার চেষ্টা করে। তখন সংগীয় ফোর্সদের সহায়তায় উক্ত ব্রীজের উত্তর পাশে জামাল এর পানের দোকানের সামনে পাকা রাস্তার উপর হইতে আসামীকে ধৃত করি। আসামীকে জিজ্ঞাসাবাদ করা হইলে সে তাহার নাম ইমরান শেখ বলিয়া জানায়। আরো জিজ্ঞাসাবাদে তাহার কাছে ইয়াবা থাকার কথা স্বীকার করে। তখন সাক্ষীদের সামনে তল্লাশীকালে সে নিজেই পরিহিত প্যান্টের ডান পকেট হইতে ছোট স্বচ্ছ পলিথিন প্যাকেটের মধ্যে রক্ষিত ৭০০ পিস ইয়াবা ট্যাবলেট বাহির করিয়া দেয়। ঘটনাস্থলের স্থানেই স্থানীয় সাক্ষী মোঃ আরিফ হোসেন সুমন ও মোঃ জামাল খানের সামনেই আমি উক্ত ৭০০ পিস ইয়াবা ট্যাবলেট জব্দ করেন, এই স্থানে জব্দ তালিকা প্রস্তুত করেন ১৮ঃ১০ ঘটিকায় এবং তাতে স্থানীয় সাক্ষীদের স্বাক্ষর নেই ও নিজে স্বাক্ষর করেন। অতপর আসামী ও জব্দকৃত আলামতসহ আমরা থানায় হাজির হলে এ,এসআই এনামুল হক মন্ডল সংশ্লিষ্ট ধারা উল্লেখ করে এজাহার দায়ের করেন। আমি এই অভিযানে সংগীয় ফোর্স ছিলাম। আসামী ইমরান ডকে হাজির আছে।</p> <p style="text-align: center;">XXX জেরাঃ</p> <p>আমি এই অভিযানে সংগীয় ফোর্স ছিলাম। আসামী ইমরান ঘটনার</p>

ক্রমিক নং	তারিখ	নোট ও আদেশ
		<p>সময়ে নবম শ্রেণীতে পড়ত কিনা বা সে তার চাচার বাসায় থাকত কিনা আমার জানা নাই। সত্য নয় যে, ৭০০ পিস ইয়াবা আসামীর চাচার বাসা থেকে উদ্ধার হয়। আমার উপস্থিতিতে এস,আই গোবিন্দ স্যার এই ইয়াবা উদ্ধার করে। ঘটনাস্থল হতে এই ইয়াবা ক্রয় বিক্রয় করার মত কোনো লোককে প্রেফতার করি নাই। ইয়াবা কেনা বেচার কোনো টাকা জব্দ করা হয়নি।</p> <p>ইহা ক্রিমিনালস রুলস এন্ড অর্ডারস এর ১৩১ বিধি অনুযায়ী কম্পিউটার টাইপকৃত।</p> <p style="text-align: right;">পি, ডব্লিউ-৫</p> <p style="text-align: center;">আহসান হাবীব</p> <p>বিগত ২৬.০৮.২০১৫ ইং তারিখে আমি কনস্টেবল হিসাবে মাদারীপুর জেলা গোয়েন্দা শাখায় কর্মরত ছিলাম। মাদারীপুর জেলার গোয়েন্দা শাখার জিডি নং ১৬১ মূলে সংগীয় অফিসার এ,এস,আই গোবিন্দ লাল দে এবং এস,এস আই মোঃ এনামুল হক মন্ডলসহ আমি এবং নায়েক সজিব, কনস্টেবল নজরুল, হরিদাস, আল মামুন, মোঃ হারুন অর রশিদ, জাফর ও শরীফুলসহ আমরা রাজৈর থানার এলাকায় মাদকদ্রব্য উদ্ধার অভিযান পরিচালনাকালে টেকেরহাট পুলিশ বুথে অবস্থানকালে ১৭ঃ৪৫ ঘটিকায় এ,এস,আই এনামুল স্যার গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারেন যে, রাজৈর থানাধীন টেকেরহাট ব্রীজের উত্তর পাশের গোড়ায় একজন লোক মাদকদ্রব্য ইয়াবা ট্যাবলেট বিক্রি করছে। উক্ত সংবাদ উর্দ্ধতন কতৃপক্ষের অবগত করে উক্ত সংবাদের সত্যতা যাচাই ও প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য উক্তস্থানের আশেপাশে সুকৌশলে আমরা অবস্থান নিয়ে একজন লোক পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর চেষ্টা করলে তাকে আমরা ঐ ব্রীজের উত্তর পাশে জামাল এর পানের দোকানের সামনে পাকা রাস্তার উপর থেকে তাকে আমরা আটক করি। স্থানীয় সাক্ষী আরিফ এবং জামাল এর উপস্থিত সম্মুখে ঐ লোককে জিজ্ঞাসাবাদে সে তার নাম জানায় ইমরান শেখ। অতঃপর স্থানীয় সাক্ষীদের উপস্থিতিতে তার দেহ তল্লাশী করে করতে চাইলে সে নিজেই তার পরিহিত প্যান্টের ডান পকেট থেকে স্বচ্ছ পলিথিন প্যাকেটের মধ্য হতে ৭০০ পিস ইয়াবা ট্যাবলেট নিজ হাতে বের করে দেয়। উপস্থিত সাক্ষীদের উপস্থিতিতে উক্ত আলামত এস,আই গোবিন্দ লাল দে জব্দ করেন, ঐ স্থানেই জব্দ তালিকা প্রস্তুত করে তাতে সাক্ষীদের স্বাক্ষর গ্রহণ করেন ও নিজে স্বাক্ষর করেন। অতঃপর আসামী ও জব্দকৃত আলামতসহ আমরা থানায় হাজির হলে সংশ্লিষ্ট ধারা উল্লেখ করে এ,এস, আই এনামুল স্যার এজাহার দায়ের করেন। আমি এই অভিযানে সংগীয় ফোর্স ছিলাম।</p>

ক্রমিক নং	তারিখ	নোট ও আদেশ
		<p>এজাহারে বর্ণিত মতেই অভিযোগকারী অত্র আসামীকে মোঃ আরীফ হোসেন সুমন, মোঃ জামাল খা এবং মোঃ নুরুল ইসলামের সম্মুখে জামাল খানের পানের দোকানের সম্মুখে হাতেনাতে ধৃত করেন এবং তাদের সম্মুখে কথিত ইয়াবা উদ্ধার করেন এবং জব্দনামায় স্বাক্ষর করেন। কিন্তু রাষ্ট্রপক্ষ উপরিলিখিত দুইজন নিরপেক্ষ সাক্ষীকে আদালতে উপস্থাপন করেত সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছে। অভিযোগপত্র মোতাবেক অত্র আপীলকারীর বিরুদ্ধে পূর্বে কোন মামলা মোকদ্দমায় দোষী কিংবা আসামী হিসেবে সংশ্লিষ্টতা নেই।</p> <p>আপীলকারী পক্ষের বিজ্ঞ এ্যাডভোকেট মোঃ জাফর আলীম খান প্রথমেই নিবেদন করেন যে, যেহেতু অত্র আপীলকারী ইমরান শেখ ঘটনার দিন শিশু আইন অনুযায়ী শিশু হওয়া সত্ত্বেও তাকে শিশু আইন মোতাবেক শিশু আদালতে বিচার করা হয় নাই সেহেতু বিজ্ঞ বিচারিক আদালত কর্তৃক তর্কিত রায়টি একটি এখতিয়ার বহির্ভূত এবং বেআইনী রায়।</p> <p>অত্র মোকদ্দমায় গুরুত্বপূর্ণ বিষয় হলো ঘটনার দিন দন্ডপ্রাপ্ত আপীলকারী ইমরান শেখ শিশু আইন, ২০১৩ এর ধারা ৪ মোতাবেক শিশু ছিল কিনা? শিশু হয়ে থাকলে এজাহারকারী, তদন্তকারী কর্মকর্তা এবং বিচারিক আদালত উক্ত আইনের বিধিবিধান ভংগ করে অত্র এজাহার দায়ের, তদন্ত, অভিযোগ এবং বিচার করেছেন কিনা?</p> <p>শিশু আইন, ২০১৩ এর প্রস্তাবনা, ধারা ১, ২, ৩ এবং ৪ গুরুত্বপূর্ণ বিধায় নিম্নে অবিকল অনুলিখন হলোঃ</p> <p>“ ২০১৩ সনের ২৪নং আইন</p> <p>জাতিসংঘ শিশু অধিকার সনদ বাস্তবায়নের নিমিত্ত বিদ্যমান শিশু আইন রহিতক্রমে এতদসংক্রান্ত একটি নূতন আইন প্রণয়নের লক্ষ্যে প্রণীত আইন।</p> <p>যেহেতু জাতিসংঘ শিশু অধিকার সনদে বাংলাদেশ পক্ষভুক্ত হইয়াছে; এবং</p> <p>যেহেতু উক্ত সনদ এর বিধানাবলী বাস্তবায়নের নিমিত্ত বিদ্যমান শিশু আইন রহিতপূর্বক উহা পুনঃপ্রণয়ন ও সংহত করিবার লক্ষ্যে একটি নূতন আইন প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;</p> <p>যেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ-</p> <p>১। সংক্ষিপ্ত শিরোনাম এবং প্রবর্তন ১-(১) এই আইন শিশু আইন,</p>

ক্রমিক নং	তারিখ	নোট ও আদেশ
		<p>২০১৩ নামে অভিহিত হইবে।</p> <p>(২) সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে, সেই তারিখে এই কার্যকর হইবে।</p> <p>২। সংজ্ঞা ১- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই আইনে-</p> <p>(১) ‘ অধিদপ্তর’ অর্থ সমাজসেবা অধিদপ্তর;</p> <p>(২) ‘ আইনানুগ বা বৈধ অভিভাবগ’ অর্থ এমন কোন ব্যক্তি যিনি Guardian and Wards Act, 1890 (Act No. VIII of 1890) এর section 7 এর অধীনে, শিশুর কল্যানার্থে, আদালত কর্তৃক নিয়োগপ্রাপ্ত বা ঘোষিত অভিভাবক (Guardian).</p> <p>(৩) ‘ আইনের সহিত সংঘাতে জড়িত শিশু (Children in Conflict with the Law)’ অর্থ এমন কোন শিশু যে, দণ্ডবিধির ধারা ৮২ ও ৮৩ এ বিধান সাপেক্ষে, বিদ্যমান কোন আইনের অধীন কোন অপরাধের দায়ে অভিযুক্ত অথবা বিচারে দোষী সাব্যস্ত;</p> <p>(৪) ‘ আইনের সংস্পর্শে আশা শিশু (Children in Contact with the Law)’ অর্থ এমন কোন শিশু, যে বিদ্যমান কোন আইনের অধীনে কোন অপরাধের শিকার বা সাক্ষী;</p> <p>(৫) ‘ দণ্ডবিধি’ অর্থ Penal Code, 1860 (Act No. LV of 1860):</p> <p>(৬) ‘ ধারা’ অর্থ এই আইনের কোন ধারা;</p> <p>(৭) ‘ নিরাপদ স্থান (Safe Home)’ অর্থ কোন প্রত্যয়িত প্রতিষ্ঠান বা এমন কোন স্থান বা প্রতিষ্ঠান যাহার কর্তৃপক্ষ এই আইনের অধীন শিশু আদালত, শিশুবিষয়ক পুলিশ কর্মকর্তা, প্রবেশন কর্মকর্তা বা, ক্ষেত্রমত, অন্য কোন ব্যক্তি বা কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত শিশুকে নিরাপদ হেফাজত রাখিবার দায়িত্ব পালন করে।</p> <p>(৮) ‘ প্রত্যয়িত প্রতিষ্ঠান’ অর্থ ধারা ৫৯ ও ৬০ এ উল্লিখিত কোন প্রত্যয়িত প্রতিষ্ঠান;</p> <p>(৯) ‘ প্রবেশন কর্মকর্তা (Probation Officer)’ অর্থ ধারা ৫ এ উল্লিখিত কোন প্রবেশন কর্মকর্তা;</p> <p>(১০) ‘ ফৌজদারী কার্যবিধি’ অর্থ Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898):</p> <p>(১১) ‘ বর্ধিত পরিবার (extended family)’ অর্থ দাদা, দাদী, নানা, চাচা, চাচী, ফুফা, ফুফু, মামা, মামী, খালা, খালু, ভাই, ভাবী, ভগ্নি,</p>

ক্রমিক নং	তারিখ	নোট ও আদেশ
		<p>ভগ্নিপতি বা এইরূপ রক্তসম্পর্কীয় অথবা আত্মীয়তার বন্ধনে আবদ্ধ কোন আত্মীয়ের পরিবার;</p> <p>(১২) ‘বিকল্প পরিচর্যা (alternative care)’ অর্থ ধারা ৮৪ এর অধীন গৃহীত কোন ব্যবস্থা;</p> <p>(১৩) ‘বিকল্প পন্থা (diversion)’ অর্থ ধার ৪৮ এর অধীন গৃহীত কোন ব্যবস্থা;</p> <p>(১৪) ‘ব্যক্তি’ অর্থে, প্রযোজ্য ক্ষেত্রে, কোন কোম্পানী, সমিতি, সংস্থা বা প্রতিষ্ঠানও অন্তর্ভুক্ত হইবে।</p> <p>(১৫) ‘বোর্ড’ বা ‘শিশুকল্যাণ বোর্ড’ অর্থ ধারা ৭, ৮ ও ৯ এর অধীন গঠিত, ক্ষেত্রমত, জাতীয় শিশুকল্যাণ বোর্ড, জেলা শিশুকল্যাণ বোর্ড বা উপজেলা শিশুকল্যাণ বোর্ড;</p> <p>(১৬) ‘ভিক্ষা’ অর্থ কোন ব্যক্তির নিকট হইতে অর্থ, অন্ন, বস্ত্র বা অন্য কোন দ্রব্যাদি প্রাপ্তি বা আদায়ের উদ্দেশ্যে-</p> <p>(ক) কোন শিশুকে প্রদর্শন বা ব্যবহার করিয়া প্রকাশ্য স্থানে নাচ, গান, ভাগ্য গণনা, পবিত্র স্তবক পাঠ অথবা ভিন্ন কোন কলা-কৌশল গ্রহণ করা, ভান করিয়া হটক বা না হটক, বা</p> <p>(খ) কোন শিশুর দেহে অনৈতিক প্রক্রিয়ায় ঘা, ক্ষত, আঘাত, সৃষ্টি করা বা শিশুকে বিকলাঙ্গতায় পরিণত করা এবং অনুরূপ ঘা, ক্ষত, আঘাত বা বিকলাঙ্গতা প্রদর্শন করা বা প্রদর্শনের জন্য অনাবৃত রাখা; বা</p> <p>(গ) মাদকদ্রব্য বা ঔষধ সেবনের মাধ্যমে কোন শিশুকে নিস্তেজ বা নির্জীব করিয়া রাখা বা ভিন্ন কোন উপায়ে মৃত হিসাবে সাজাইয়া রাখা;</p> <p>(১৭) ‘শিশু’ অর্থ ধারা ৪ এ উল্লিখিত শিশু হিসাবে নির্ধারিত কোন ব্যক্তি;</p> <p>(১৮) ‘শিশু আদালত’ অর্থ ধারা ১৬ এর অধীন নির্ধারিত কোন আদালত;</p> <p>(১৯) ‘শিশুউন্নয়ন কেন্দ্র’ অর্থ ধারা ৫৯ এর অধীন প্রতিষ্ঠিত কোন শিশুউন্নয়ন কেন্দ্র;</p> <p>(২০) ‘শিশুবিষয়ক পুলিশ কর্মকর্তা’ অর্থ ধারা ১৩ এর উপ-ধারা (২) এ উল্লিখিত শিশুবিষয়ক ডেস্ক এর দায়িত্বপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা;</p> <p>(২১) ‘সমাজকর্মী’ অর্থ অধিদপ্তরে বা উহার অধীনে কর্মরত ইউনিয়ন সমাজকর্মী বা পৌর সমাজকর্মী অথবা খালাস্মা, বড়ভাইয়া বা উক্তরূপ সমমানের কোন কর্মী, যে নামেই অভিহিত হউক না কেন, যিনি শিশুদের</p>

নম্বর ২০

ক্রমিক নং	তারিখ	নোট ও আদেশ						
		<p>সেবাদানের সহিত সংশ্লিষ্ট;</p> <p>(২২) 'সামাজিক অনুসন্ধান প্রতিবেদন' অর্থ ধারা ৩১ এ উল্লিখিত সামাজিক অনুসন্ধান প্রতিবেদন;</p> <p>(২৩) 'সুবিধাবঞ্চিত শিশু' অর্থ ধারা ৮৯ এর উপ-ধারা (১) এ উল্লিখিত কোন শিশু;</p> <p>(২৪) 'সভাপতি' অর্থ, ক্ষেত্রমত, জাতীয় শিক্ষকল্যান বোর্ড, জেলা শিক্ষকল্যান বোর্ড বা উপজেলা শিক্ষকল্যান বোর্ড এর সভাপতি।</p> <p>৩। আইনের প্রাধান্য।- আপাততঃ বলবৎ অন্য কোন আইনে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের বিধানাবলী প্রাধান্য পাইবে।</p> <p>৪। শিশু।- বিদ্যমান অন্য কোন আইনে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের উদ্দেশ্যপূরণকল্পে, অনুর্ধ্ব ১৮ (আঠার) বৎসর পর্যন্ত সকল ব্যক্তি শিশু হিসাবে গণ্য হইবে।'</p> <p style="text-align: center;">গুরুত্বপূর্ণ বিধায় আসামী ইমরান শেখের JUNIOR SCHOOL CERTIFICATE, SECONDARY SCHOOL CERTIFICATE</p> <p style="text-align: center;">এবং জাতীয় পরিচয় পত্র নিম্নে অবিকল অনুলিখন হলোঃ</p> <table border="1" style="width: 100%;"> <tr> <td style="width: 50%; vertical-align: top;"> <p style="text-align: center;">BOARD OF INTERMEDIATE AND SECONDARY EDUCATION, DHAKA, BANGLADESH</p> <p>Serial No. J 4300270 Registration No. 1410642814/2014 DBJSC 14263029</p> <p style="text-align: center;">JUNIOR SCHOOL CERTIFICATE EXAMINATION, 2014</p> <p><i>This is to Certify that Imran Sheikh Son/Daughter of Babul Sheikh and Rowsonara Begum of Takerhat Popular High School and College bearing Rool Khalia No. 409276 duly passed the Junior School Certificate (JSC) Examination and secured G. P. A 4.11 on a scale of 5.00.</i></p> <p><i>His/Her date of birth as recorded in his/her registration card is Tenth August Two Thousand.</i></p> <p style="text-align: right;"><i>Sd/- Illegible</i> Controller of Examinations</p> <p>Dhaka Date of Publication of Results: December 30, 2014</p> </td> <td style="width: 50%; vertical-align: top;"> <p style="text-align: center;">BOARD OF INTERMEDIATE AND SECONDARY EDUCATION, DHAKA, BANGLADESH</p> <p>Serial No. DBSC 7191437 Registration No. 1410642814/2015 DBCSC 17229031</p> <p style="text-align: center;">SECONDARY SCHOOL CERTIFICATE EXAMINATION, 2017</p> <p><i>This is to Certify that Imran Sheikh Son/Daughter of Babul Sheikh and Rowsonara Begum of Takerhat Popular High School and College bearing Rool Khalia No. 600313 duly passed the Secondary School Certificate (SSC) Examination in Business Studies group and secured G. P. A 4.00 on a scale of 5.00.</i></p> <p><i>His/Her date of birth as recorded in his/her registration card is Tenth August Two Thousand.</i></p> <p style="text-align: right;"><i>Sd/- Illegible</i> Controller of Examinations</p> <p>Dhaka Date of Publication of Results: May 4, 2017</p> </td> </tr> </table> <table border="1" style="width: 100%; margin-top: 10px;"> <tr> <td style="width: 50%; vertical-align: top;"> <p style="text-align: center;">গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার</p> <p style="text-align: center;">Government of the People's Republic of Bangladesh National ID Card/ জাতীয় পরিচয় পত্র</p> </td> <td style="width: 50%; vertical-align: top;"> <p>এই কার্ডটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সম্পত্তি। কার্ডটি ব্যবহারকারী ব্যতীত অন্য কোথাও পাওয়া গেলে নিকটস্থ পোষ্ট অফিসে জমা দেবার জন্য অনুরোধ করা হলো।</p> <p>ঠিকানা : বাসা/হোল্ডিং : ০, গ্রাম/রাস্তা : তাতীকান্দা, ডাকঘর : টি, পি হাইস্কুল - ৭৯১১, রাজের, মাদারীপুর</p> <p>রক্তের গ্রুপ/Blood Group: জন্মস্থান : মাদারীপুর</p> <p style="text-align: right;">স্বা/- অস্পষ্ট প্রদানের তারিখ : ০৪/০৭/২০২০ প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর</p> </td> </tr> <tr> <td style="width: 50%; vertical-align: top;"> <p>নাম : ইমরান শেখ</p> <p>Name : IMRAN SHEIKH</p> <p>ছবি পিতা : বাবুল শেখ</p> <p>মাতা : রওশনারা বেগম</p> <p>Date of Birth : 10 Aug 2000</p> <p>ID NO : 7811888457</p> </td> <td></td> </tr> </table>	<p style="text-align: center;">BOARD OF INTERMEDIATE AND SECONDARY EDUCATION, DHAKA, BANGLADESH</p> <p>Serial No. J 4300270 Registration No. 1410642814/2014 DBJSC 14263029</p> <p style="text-align: center;">JUNIOR SCHOOL CERTIFICATE EXAMINATION, 2014</p> <p><i>This is to Certify that Imran Sheikh Son/Daughter of Babul Sheikh and Rowsonara Begum of Takerhat Popular High School and College bearing Rool Khalia No. 409276 duly passed the Junior School Certificate (JSC) Examination and secured G. P. A 4.11 on a scale of 5.00.</i></p> <p><i>His/Her date of birth as recorded in his/her registration card is Tenth August Two Thousand.</i></p> <p style="text-align: right;"><i>Sd/- Illegible</i> Controller of Examinations</p> <p>Dhaka Date of Publication of Results: December 30, 2014</p>	<p style="text-align: center;">BOARD OF INTERMEDIATE AND SECONDARY EDUCATION, DHAKA, BANGLADESH</p> <p>Serial No. DBSC 7191437 Registration No. 1410642814/2015 DBCSC 17229031</p> <p style="text-align: center;">SECONDARY SCHOOL CERTIFICATE EXAMINATION, 2017</p> <p><i>This is to Certify that Imran Sheikh Son/Daughter of Babul Sheikh and Rowsonara Begum of Takerhat Popular High School and College bearing Rool Khalia No. 600313 duly passed the Secondary School Certificate (SSC) Examination in Business Studies group and secured G. P. A 4.00 on a scale of 5.00.</i></p> <p><i>His/Her date of birth as recorded in his/her registration card is Tenth August Two Thousand.</i></p> <p style="text-align: right;"><i>Sd/- Illegible</i> Controller of Examinations</p> <p>Dhaka Date of Publication of Results: May 4, 2017</p>	<p style="text-align: center;">গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার</p> <p style="text-align: center;">Government of the People's Republic of Bangladesh National ID Card/ জাতীয় পরিচয় পত্র</p>	<p>এই কার্ডটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সম্পত্তি। কার্ডটি ব্যবহারকারী ব্যতীত অন্য কোথাও পাওয়া গেলে নিকটস্থ পোষ্ট অফিসে জমা দেবার জন্য অনুরোধ করা হলো।</p> <p>ঠিকানা : বাসা/হোল্ডিং : ০, গ্রাম/রাস্তা : তাতীকান্দা, ডাকঘর : টি, পি হাইস্কুল - ৭৯১১, রাজের, মাদারীপুর</p> <p>রক্তের গ্রুপ/Blood Group: জন্মস্থান : মাদারীপুর</p> <p style="text-align: right;">স্বা/- অস্পষ্ট প্রদানের তারিখ : ০৪/০৭/২০২০ প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর</p>	<p>নাম : ইমরান শেখ</p> <p>Name : IMRAN SHEIKH</p> <p>ছবি পিতা : বাবুল শেখ</p> <p>মাতা : রওশনারা বেগম</p> <p>Date of Birth : 10 Aug 2000</p> <p>ID NO : 7811888457</p>	
<p style="text-align: center;">BOARD OF INTERMEDIATE AND SECONDARY EDUCATION, DHAKA, BANGLADESH</p> <p>Serial No. J 4300270 Registration No. 1410642814/2014 DBJSC 14263029</p> <p style="text-align: center;">JUNIOR SCHOOL CERTIFICATE EXAMINATION, 2014</p> <p><i>This is to Certify that Imran Sheikh Son/Daughter of Babul Sheikh and Rowsonara Begum of Takerhat Popular High School and College bearing Rool Khalia No. 409276 duly passed the Junior School Certificate (JSC) Examination and secured G. P. A 4.11 on a scale of 5.00.</i></p> <p><i>His/Her date of birth as recorded in his/her registration card is Tenth August Two Thousand.</i></p> <p style="text-align: right;"><i>Sd/- Illegible</i> Controller of Examinations</p> <p>Dhaka Date of Publication of Results: December 30, 2014</p>	<p style="text-align: center;">BOARD OF INTERMEDIATE AND SECONDARY EDUCATION, DHAKA, BANGLADESH</p> <p>Serial No. DBSC 7191437 Registration No. 1410642814/2015 DBCSC 17229031</p> <p style="text-align: center;">SECONDARY SCHOOL CERTIFICATE EXAMINATION, 2017</p> <p><i>This is to Certify that Imran Sheikh Son/Daughter of Babul Sheikh and Rowsonara Begum of Takerhat Popular High School and College bearing Rool Khalia No. 600313 duly passed the Secondary School Certificate (SSC) Examination in Business Studies group and secured G. P. A 4.00 on a scale of 5.00.</i></p> <p><i>His/Her date of birth as recorded in his/her registration card is Tenth August Two Thousand.</i></p> <p style="text-align: right;"><i>Sd/- Illegible</i> Controller of Examinations</p> <p>Dhaka Date of Publication of Results: May 4, 2017</p>							
<p style="text-align: center;">গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার</p> <p style="text-align: center;">Government of the People's Republic of Bangladesh National ID Card/ জাতীয় পরিচয় পত্র</p>	<p>এই কার্ডটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সম্পত্তি। কার্ডটি ব্যবহারকারী ব্যতীত অন্য কোথাও পাওয়া গেলে নিকটস্থ পোষ্ট অফিসে জমা দেবার জন্য অনুরোধ করা হলো।</p> <p>ঠিকানা : বাসা/হোল্ডিং : ০, গ্রাম/রাস্তা : তাতীকান্দা, ডাকঘর : টি, পি হাইস্কুল - ৭৯১১, রাজের, মাদারীপুর</p> <p>রক্তের গ্রুপ/Blood Group: জন্মস্থান : মাদারীপুর</p> <p style="text-align: right;">স্বা/- অস্পষ্ট প্রদানের তারিখ : ০৪/০৭/২০২০ প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর</p>							
<p>নাম : ইমরান শেখ</p> <p>Name : IMRAN SHEIKH</p> <p>ছবি পিতা : বাবুল শেখ</p> <p>মাতা : রওশনারা বেগম</p> <p>Date of Birth : 10 Aug 2000</p> <p>ID NO : 7811888457</p>								

দ্রষ্টব্য :- কালো কালিতে অফিস নোটের একটি ক্রমিক নম্বর এবং লাল কালি কোর্টের আদেশ সমূহের ভিন্ন নম্বর দিতে হবে।

সি-২১/১৮-১৯(ল)/তারিখ ২৫-১১-১৮

গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস- কম্পিউটার শাখা-বি-৮৮৫/২০১৮-২০১৯/(লঃ)-২৭-১১-২০১৮-১,০০,০০০ কপি।

ক্রমিক নং	তারিখ	নোট ও আদেশ
		<p style="text-align: center;">উপরিলিখিত JUNIOR SCHOOL CERTIFICATE, SECONDARY SCHOOL CERTIFICATE এবং জাতীয় পরিচয় পত্র পর্যালোচনায় এটি কাঁচের মত স্পষ্ট যে, আসামী ইমরান শেখের বয়স ঘটনার দিন ১৫ বৎসর ১৬ দিন ছিল।</p> <p>শিশু আইনের ৪র্থ অধ্যায় শিশু বিষয়ক ডেস্ক, শিশু বিষয়ক পুলিশ কর্মকর্তা ইত্যাদি বিষয়ে। ধারা ১৩ মোতাবেক বাংলাদেশের প্রত্যেক থানায় শিশু বিষয়ক ডেস্ক গঠন করার কথা বলা হয়েছে এবং উক্ত ধারা ১৩ এর ২ উপধারা মোতাবেক শিশু বিষয়ক ডেস্ক এর কর্মকর্তাকে শিশু বিষয়ক কর্মকর্তা হিসেবে অভিহিত করা হয়েছে।</p> <p>শিশু আইন, ২০১৩ এর ধারা ১৪তে শিশু বিষয়ক পুলিশ কর্মকর্তার দায়িত্ব ও কার্যাবলী বর্ণিত হয়েছে এবং ধারা ১৪ ‘চ’ মোতাবেক শিশু বিষয়ক পুলিশ কর্মকর্তার অন্যতম দায়িত্ব হল বিধি ধারা নির্ধারিত দায়িত্ব পালন করা এবং উপধারা ‘জ’ মোতাবেক উপরিউক্ত কার্যাবলী সম্পাদনের প্রয়োজনে অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা।</p> <p>ধারা ১৪ মোতাবেক কোন শিশু থানায় আসলে বা শিশুকে থানায় আনয়ন করা হলো উক্ত শিশুকে প্রথমেই উক্ত থানার শিশু বিষয়ক ডেস্ক এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা শিশু বিষয়ক পুলিশ কর্মকর্তার সামনে সরাসরি উপস্থিত করতে হবে। অর্থাৎ ধারা ১৩ এবং ধারা ১৪ মোতাবেক কোন শিশু থানায় আসলে বা যে কোন কারণে অথবা কোন শিশুকে যেকোন অপরাধে থানায় আনয়ন করার সাথে সাথে সংশ্লিষ্ট সকলের দায়িত্ব হল উক্ত শিশুকে উক্ত থানার শিশুদের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা শিশু বিষয়ক পুলিশ কর্মকর্তার নিকট উপস্থাপন করা।</p> <p>ধারা ১৪ এর ‘খ’ উপ-ধারা মোতাবেক উক্ত শিশু বিষয়ক পুলিশ কর্মকর্তার দায়িত্ব হল প্রথমেই কোনরূপ বিলম্ব না ঘটিয়ে সংশ্লিষ্ট প্রবেশন কর্মকর্তাকে বিষয়টি অবহিত করা এবং তার পরবর্তীতে শিশুর মাতা-পিতা এবং তাদের উভয়ের অবর্তমানে শিশুর তত্ত্বাবধানকারী অভিভাবক বা কর্তৃপক্ষ অথবা আইনানুগ বা বৈধ অভিভাবক বা ক্ষেত্রমত বর্ধিত পরিবারের সদস্যকে অবহিত করা এবং বিস্তারিত তথ্যসহ আদালতে হাজির করার তারিখ জ্ঞাত করা এবং তাৎক্ষনিক মানসিক পরিষেবা প্রদান করা। প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা এবং প্রয়োজনে ক্লিনিক বা হাসপাতালে প্রেরণ করা এবং শিশুর মৌলিক চাহিদা পূরণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।</p> <p>ধারা ১৪ উপ-ধারা ‘গ’ মোতাবেক শিশু বিষয়ক পুলিশ কর্মকর্তা অতঃপর সঠিকভাবে শিশুর বয়স নির্ধারণ করা হচ্ছে কিনা বা নির্ধারণ করার ক্ষেত্রে শিশুর জন্ম</p>

দ্রষ্টব্যঃ ৪- কালো কালিতে অফিস নোটের একটি ক্রমিক নম্বর এবং লাল কালি কোর্টের আদেশ সমূহের ভিন্ন নম্বর দিতে হবে।

সি-২১/১৮-১৯(লা)/তারিখ ২৫-১১-১৮

গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস- কম্পিউটার শাখা-বি-৮৮৫/২০১৮-২০১৯/(লঃ)-২৭-১১-২০১৮-১,০০,০০০ কপি।

ক্রমিক নং	তারিখ	নোট ও আদেশ
		<p>নিবন্ধন সনদ বা এতদসংশ্লিষ্ট বিশ্বাসযোগ্য দলিলাদি পর্যালোচনা করা হচ্ছে কিনা তদবিষয়ে লক্ষ্য রাখবেন। এবং উপ-ধারা ‘ঘ’ মোতাবেক প্রবেশন কর্মকর্তার সহিত যৌথভাবে শিশুর বিরুদ্ধে আনীত অভিযোগ মূল্যায়নপূর্বক বিকল্পপত্রা অবলম্বন এবং সম্ভাব্যতা যাচাইপূর্বক জামিনের ব্যবস্থা গ্রহণ করবেন। উপ-ধারা ‘ঙ’ মোতাবেক বিকল্পপত্রা অবলম্বন বা কোন কারণে জামিনে মুক্তি প্রদান করা সম্ভবপর না হলে আদালতে প্রথম হাজিরার পূর্বে সংশ্লিষ্ট শিশুকে নিরাপদ স্থানে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন এবং উপ-ধারা ‘চ’ মোতাবেক প্রতিমাসে শিশুদের মামলার সকল তথ্য প্রতিবেদন আকারে থানা হইতে নির্ধারিত ছকে প্রবেশন কর্মকর্তার নিকট এবং পুলিশ সুপারিনটেনডেন্ট এর কার্যালয়ের মাধ্যমে পুলিশ সদর দপ্তর ও ক্ষেত্রমত, জেলা আইনগত সহায়তা প্রদান কমিটির নিকট প্রেরণ করবেন।</p> <p>কিন্তু খুবই দুর্ভাগ্যের বিষয় হল এই যে, অত্র মোকদ্দমার নথিদৃষ্টে দেখা যাচ্ছে যে, আপীলকারী ইমরান শেখকে শিশু আইনের ১৩ এবং ১৪ ধারার বিধান মোতাবেক শিশু বিষয়ক ডেস্কের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা শিশু বিষয়ক পুলিশ কর্মকর্তার নিকট উপস্থাপন করা হয়নি, প্রবেশন কর্মকর্তাকেও অবহিত করা হয়নি, সঠিকভাবে বয়স নির্ধারণের বিষয়টি পর্যালোচনা করা হয়নি এবং প্রবেশন কর্মকর্তার সহিত যৌথভাবে শিশুর বিরুদ্ধে আনীত অভিযোগ মূল্যায়নপূর্বক বিকল্পপত্রা অবলম্বন এবং সম্ভাব্যতা যাচাইপূর্বক জামিনের কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। বরং অত্র আপীলকারী ইমরান শেখকে বয়স্ক আসামীদের মত সাধারণ বয়স্ক আসামীদের সাথে জেল হাজতে প্রেরণ করা হয়েছে এবং অতঃপর ইমরান শেখ সাধারণ বয়স্কদের সাথে জেল হাজতে ছিল।</p> <p>ঘটনার দিন এবং তারিখ আসামী ইমরান শেখের বয়স ছিল ১৫ বছর। ১৫ বছরের শিশুকে শিশু আইন, ২০১৩ এর পরিপন্থীভাবে তার বয়স সঠিকভাবে নির্ধারণ না করে শিশু হিসেবে তার আইনগত যে প্রাপ্য সুযোগ সুবিধা সে সব সুযোগ সুবিধা প্রদান না করে তাকে প্রাপ্তবয়স্ক অপরাধীদের সাথে জেল হাজতে প্রেরণ করা হয়েছে। ১৫ (পনের) বছরের শিশু ইমরান শেখকে দীর্ঘ ২ মাস ২৫ দিন তথা ৮৫ দিন প্রাপ্ত বয়স্ক অপরাধীদের সাথে কারাগারে থাকতে বাধ্য করা হয়েছে।</p> <p>সুতরাং সংশ্লিষ্ট অভিযোগকারী পুলিশ কর্মকর্তা, তৎকালীন সময়ে উক্ত থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা এবং অত্র মোকদ্দমার তদন্তকারী কর্মকর্তা আইনের পরীপন্থীভাবে অন্যান্যভাবে অত্র শিশুটিকে শিশু আইনের সুযোগ সুবিধা প্রদান না করে এবং কারাগারে প্রাপ্ত বয়স্ক অপরাধীদের সাথে ৮৫ দিন থাকতে বাধ্য করেছে মর্মে</p>

ক্রমিক নং	তারিখ	নোট ও আদেশ
		<p>প্রতীয়মান হয়।</p> <p>শিশু আইন, ২০১৩ এর ৫ম অধ্যায় শিশু আদালত এবং এর কার্যাবলী বর্ণিত আছে। উক্ত ধারার ২০ মোতাবেক শিশুর বয়স নির্ধারণে অপরাধ সংঘটনের তারিখ হবে শিশুর বয়স নির্ধারণের জন্য প্রাসঙ্গিক তারিখ। উক্ত ধারা ২০ মোতাবেক ঘটনা সংঘটনের দিন অত্র আসামী আপীলকারী শিশু ইমরান শেখের বয়স ছিল ১৫ বছর ১৬ দিন।</p> <p>ধারা ২১ মোতাবেক শিশু আদালতের উপর বয়স অনুমান ও নির্ধারণের জন্য বলা হয়েছে। উক্ত ধারা ২১(১) মোতাবেক অভিযুক্ত হউক বা না হউক, এমন কোন শিশুকে কোন অপরাধের দায়ে বা কোন শিশুকে অন্য কোন কারণে শিশু আদালতে সাক্ষ্য দানের উদ্দেশ্যে ব্যতিরেকে আনয়ন করা হলে এবং শিশু আদালতের নিকট তাকে শিশু বলে প্রতীয়মান না হলে উক্ত শিশুর বয়স যাচাই এর জন্য শিশু আদালত প্রয়োজনীয় তদন্ত ও শুনানী গ্রহণ করতে পারবেন এবং উপধারা ২১(১) মোতাবেক তদন্ত ও শুনানীকালে যেইরূপ সাক্ষ্য প্রমাণ পাওয়া যাবে তার ভিত্তিতে শিশুর বয়স সম্পর্কে শিশু আদালত তাহার মতামত লিপিবদ্ধ করবেন এবং শিশুর বয়স ঘোষণা করবেন।</p> <p>অর্থাৎ যদি কোন কারণে শিশুর বয়স পূর্বে নির্ধারণ করা নাও হয়ে থাকে সেক্ষেত্রে আদালতের দায়িত্ব ধারা ২১ মোতাবেক উক্ত শিশুর বয়স নির্ধারণের জন্য প্রয়োজনীয় সকল সাক্ষ্য প্রমাণ গ্রহণ করে তার বয়স লিপিবদ্ধ করা এবং ঘোষণা করা। উক্ত বয়স নির্ধারণ বিষয়ে ধারা ২১(৩ক) মোতাবেক শিশু আদালত যেকোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে যেকোন প্রাসঙ্গিক দলিল, রেজিস্টার, তথ্য বা বিবৃতি গ্রহণ ও যাচাই করতে পারবেন। ধারা ২১(৩খ) মোতাবেক দলিল, রেজিস্টার, তথ্য বা বিবৃতি উপস্থাপন করার জন্য আদালত যেকোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীর ওপর সাক্ষীর সমন জারি করতে পারবেন। ধারা ২১ এর উপধারা ৪ মোতাবেক শিশু আদালত কর্তৃক উদ্ঘাটিত এবং কোন শিশুর ঘোষিত বয়স এই আইনের উদ্দেশ্যে উক্ত শিশুর প্রকৃত বয়স বলে গণ্য হবে এবং পরবর্তীকালে উক্ত বয়স ভ্রমাত্মক প্রমাণিত হলেও উহার কারণে শিশু আদালত কোন আদেশ বা রায় অকার্যকর বা অবৈধ হবে না।</p> <p>প্রসিকিউশন পক্ষের সকল সাক্ষী প্রমাণ পর্যালোচনায় এটি প্রতীয়মান যে, প্রসিকিউশন পক্ষ অত্র অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণ করতে সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছে।</p> <p>অতএব, আদেশ হয় যে, অত্র আপীলটি মঞ্জুর করা হল।</p>

ক্রমিক নং	তারিখ	নোট ও আদেশ
		<p>বিজ্ঞ অতিরিক্ত দায়রা জজ, মাদারীপুর কর্তৃক দায়রা মামলা নং- ৩৯৫/২০১৫-এ প্রদত্ত বিগত ইংরেজী ২৫.০২.২০২১ তারিখের রায় ও দন্ডদেশ এতদ্বারা বাতিল ঘোষণা করা হল।</p> <p>আসামী আপীলকারী ইমরান শেখকে অত্র মোকদ্দমার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করে খালাস প্রদান করা হলো। আপীলকারী এবং তার জামিনদারকে জামিননামার দায় হতে অব্যাহতি দেওয়া হলো।</p> <p>শিশুরা জাতির ভবিষ্যৎ। অভিযুক্ত শিশুকে সর্বোচ্চ সতর্কতার সাথে বিচার করতে হবে যেন অভিযুক্ত শিশুর এটিই হয় শেষ অপরাধ। তা না হলে এই অভিযুক্ত শিশু ভবিষ্যতে আরও বড় অপরাধে জড়িয়ে রাষ্ট্র ও সমাজের ব্যাপক ক্ষতি সাধন করার সম্ভাবনা থাকে। শিশু আইন, ২০১৩ সঠিক ভাবে অনুসরণের নিমিত্তে কতিপয় নির্দেশ প্রদান জরুরী বিধায় নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলো।</p> <p><u>বাংলাদেশের প্রত্যেক থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার প্রতি নির্দেশনাঃ-</u></p> <p>১। অভিযুক্তকে আনার সাথে সাথে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রথমেই অভিযুক্ত ব্যক্তির বয়স নির্ধারণ করবেন। বয়স নির্ধারণের লক্ষ্যে যেকোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে যে কোন প্রাসঙ্গিক দলিল, রেজিস্টার, তথ্য বা বিবৃতি গ্রহণ ও যাচাই বাছাই করতে পারবেন। কোনো কারণে অভিযুক্ত ব্যক্তির বয়স নির্ধারণ করা সম্ভব না হলে উক্ত কারণ বিস্তারিতভাবে লিপিবদ্ধ করে ২৪ ঘন্টার মধ্যে প্রতিবেদন আদালতে দাখিল করবেন।</p> <p>২। অভিযুক্তকে থানায় আনার পরবর্তীতে ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক উক্ত আসামীর বয়স যাচাই বাছাই অন্তে যদি অভিযুক্তের বয়স শিশু আইন, ২০১৩ এর ধারা ৪ মোতাবেক ১৮ বছর এর নিম্নে হলে তিনি শিশুটিকে ধারা ৫/৪৫ মোতাবেক প্রবেশন কর্মকর্তার নিকট উপস্থাপন করবেন।</p> <p><u>বাংলাদেশের প্রত্যেক থানায় কর্মরত প্রবেশন কর্মকর্তার প্রতি নির্দেশনাঃ-</u></p> <p>১। থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক আইনের সহিত সংঘাতে আসা কোনো শিশুকে থানা প্রবেশন কর্মকর্তার সম্মুখে উপস্থাপন করা হলে প্রবেশন কর্মকর্তা শিশু আইন, ২০১৩ এর ধারা ৬ এ বর্ণিত দায়িত্ব ও কর্তব্য প্রতিপালন করে তদ্বিষয়ে লিখিত প্রতিবেদন আদালতে দাখিল করবেন।</p>

ক্রমিক নং	তারিখ	নোট ও আদেশ
		<p><u>বাংলাদেশের প্রত্যেক থানার আমলী আদালতের প্রতি নির্দেশনাঃ-</u></p> <p>১। পুলিশ কর্তৃক কোনো অভিযুক্তকে বয়স নির্ধারণ ব্যতিরেকে উপস্থাপন করা হলে অভিযুক্তকে শিশু মর্মে আপাতঃ প্রতীয়মান হলে আমলী আদালত প্রয়োজনে উক্ত অভিযুক্তের বয়স নির্ধারণের লক্ষ্যে যে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের কর্মকর্তা বা কর্মচারীকে সমন জারী করে প্রয়োজনীয় দলিল, তথ্য, রেজিস্টার বা বিবৃতি তলব পূর্বক উক্ত অভিযুক্তের বয়স নির্ধারণ করবেন।</p> <p>২। আমলী আদালত কর্তৃক উপরিলিখিতভাবে তদন্ত অন্তে যদি শিশু আইন, ২০১৩ এর ৪ ধারা মোতাবেক অভিযুক্ত শিশু হয়, সেক্ষেত্রে আমলী আদালত আইনের সহিত সংঘাতে জড়িত উক্ত শিশুটিকে দ্রুত শিশু আদালতে প্রেরণ করবেন।</p> <p><u>বাংলাদেশের প্রত্যেক জেলার শিশু আদালতের প্রতি নির্দেশনাঃ-</u></p> <p>১। আইনের সহিত সংঘাতে জড়িত কোনো শিশুকে শিশু আদালতে প্রেরণ করা হলে শিশু আদালত প্রথমেই দেখবেন যে, উক্ত শিশুকে সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শিশু আইনের বিধান মোতাবেক শিশুটিকে সঠিকভাবে প্রবেশন কর্মকর্তার নিকট সাথে সাথে উপস্থাপন করেছিলেন কিনা? তা না করে থাকলে উক্ত কর্মকর্তা থেকে এতদ্বিষয়ে লিখিত কৈফিয়ত গ্রহণ করবেন এবং উক্ত কৈফিয়ত সন্তোষজনক না হলে উক্ত কর্মকর্তার বিরুদ্ধে আইন অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। আইনের সহিত সংঘাতে জড়িত শিশুর বয়স আমলী আদালত কর্তৃক একবার নির্ধারিত হলেও এক্ষেত্রে শিশু আদালত শিশু আইনের ২১ ধারা অনুসরণপূর্বক শিশুর বয়স নির্ধারণের সঠিকতা বিষয়ে একটি বিবৃতি নথিতে লিপিবদ্ধ করবেন।</p> <p>২। শিশুটিকে প্রবেশন কর্মকর্তার নিকট উপস্থাপন করা হয়ে থাকলে উক্ত</p>

ক্রমিক নং	তারিখ	নোট ও আদেশ
		<p>প্রবেশন কর্মকর্তা শিশু আইন, ২০১৩ অনুযায়ী শিশুটির প্রতি যথাযথ দায়িত্ব পালন করেছিলেন কিনা তদ্বিষয়ে আদালত লক্ষ্য রাখবেন এবং যদি প্রবেশন কর্মকর্তা শিশুটির প্রতি যথাযথ দায়িত্ব পালন না করে থাকেন উক্ত কর্মকর্তার বিরুদ্ধে আইন অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।</p> <p>৩। শিশু আদালত বিচার কার্য পরিচালনার সময় শিশু আইনে বর্ণিত বিধি বিধান পূঙ্খানুপূঙ্খভাবে অনুসরণ করবেন।</p> <p><u>বাংলাদেশের প্রত্যেক জেলার বিচারিক আদালতের প্রতি নির্দেশনাঃ-</u></p> <p>১। যে কোন বিচারিক আদালতে বিচারের কোন পর্যায়ে কোন অভিযুক্তকে শিশু দাবী করা হলে কিংবা শিশু আইন, ২০১৩ এর ৪/২০ ধারার মর্মমতে কোন অভিযুক্তকে শিশু মর্মে আদালতের নিকট আপাতঃ প্রতীয়মান হলে উক্ত অভিযুক্তকে “শিশু” ঘোষণার জন্য দ্রুত অভিযুক্ত ও নথি শিশু আদালতে প্রেরণ করবেন।</p> <p>অবগতির জন্য অত্র রায় ও আদেশের অনুলিপি সকল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে ই-মেইলে পাঠানোর জন্য রেজিস্ট্রার জেনারেলকে নির্দেশ প্রদান করা হলো।</p> <p>অবগতির জন্য অত্র রায় ও আদেশের অনুলিপি অধস্তন আদালতের সকল বিচারককে ইমেইল এর মাধ্যমে পাঠানোর জন্য রেজিস্ট্রার জেনারেলকে নির্দেশ প্রদান করা হলো।</p> <p>অবগতির জন্য অত্র রায় ও আদেশের অনুলিপি সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং মহাপরিচালক, সমাজ সেবা অধিদপ্তর-কে ই-মেইল এর মাধ্যমে পাঠানোর জন্য রেজিস্ট্রার জেনারেলকে নির্দেশ প্রদান করা হলো।</p> <p>অবগতির জন্য অত্র রায় ও আদেশের অনুলিপি সচিব, আইন মন্ত্রণালয়কে ই-মেইল এর মাধ্যমে পাঠানোর জন্য রেজিস্ট্রার জেনারেলকে নির্দেশ প্রদান করা হলো।</p> <p>অবগতির জন্য অত্র রায় ও আদেশের অনুলিপি সকল থানার প্রবেশন কর্মকর্তার নিকট ই-মেইল এর মাধ্যমে পাঠানোর জন্য রেজিস্ট্রার জেনারেলকে নির্দেশ</p>

নম্বর ২০

ক্রমিক নং	তারিখ	নোট ও আদেশ
		<p>প্রদান করা হলো।</p> <p>অবগতি ও পর্যালোচনার জন্য অত্র রায় ও আদেশের অনুলিপি Judicial Administration Training Institute (JATI)-তে ই-মেইল এর মাধ্যমে পাঠানোর জন্য রেজিস্ট্রার জেনারেলকে নির্দেশ প্রদান করা হলো।</p> <p>অত্র রায়ের অনুলিপিসহ অধস্তন আদালতের নথি সংশ্লিষ্ট আদালতে দ্রুত প্রেরণ করা হউক।</p> <p>(বিচারপতি মোঃ আশরাফুল কামাল)</p>

দ্রষ্টব্য :- কালো কালিতে অফিস নোটের একটি ক্রমিক নম্বর এবং লাল কালি কোর্টের আদেশ সমূহের ভিন্ন নম্বর দিতে হবে।

সি-২১/১৮-১৯(ল)/তারিখ ২৫-১১-১৮

গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস- কম্পিউটার শাখা-বি-৮৮৫/২০১৮-২০১৯/(লঃ)-২৭-১১-২০১৮-১,০০,০০০ কপি।